



হাজী জাফর আলী। কিশোরগঞ্জ জেলাধীন পাকুন্দিয়া উপজেলার মঠখোলা মোকামে প্রতিষ্ঠিত ব্যবসায়ী ছিলেন। তার একাডেমিক শিক্ষা সম্পর্কে কিছু জানা যায়নি। হাজী জাফর আলী অত্যন্ত ধার্মিক, শিক্ষানুরাগী এবং সমাজসেবী মনোবৃত্তির ছিলেন। উনিশ দশকের প্রথম ভাগে বৃটিশ আমলে এলাকাবাসীর পানির সমস্যা দূর করার জন্য তিনি নিজ বাড়িতে (বর্তমান হাজী জাফর (ডিগ্রী) আলী কলেজের পিছনে) একটি পুকুর খনন করেন। শিক্ষানুরাগী ছিলেন বলেই হাজী জাফর আলী তার বড় ছেলে আব্দুল হামিদকে কলকাতা বিশ্ববিদ্যালয় হতে বি,এস,সি ডিগ্রী ও ছোট ছেলে এম, এ বারীকে ইঞ্জিনিয়ারিং পাস করান। উনিশ শতকের মধ্যভাগে তিনি হজ্জ ব্রত পালন করেন। ১৯৬৫ সালে তিনি ইন্তেকাল করেন। (ইন্নালিল্লাহে.....রাজেউন)। পরবর্তীতে তার দৌহিত্র অধ্যাপক আহমেদ ফজলুল করিম (দুলাল স্যার) তাঁর নামে প্রতিষ্ঠা করেন “হাজী জাফর আলী (ডিগ্রী) কলেজ।” তাঁর নামে কলেজ প্রতিষ্ঠা হওয়ায় তাঁর স্মৃতি অম্লান থাকবে যুগ যুগ ধরে। (সূত্র “আলোকিত কিশোরগঞ্জ” প্রকাশকাল ১ জানুয়ারি ২০০৫)